

## 🔳 আল-মুদ্দাসসির | Al-Muddathir | ٱلْمُدَّنِّر

আয়াতঃ ৭৪: ২৪

আরবি মূল আয়াত:

## فَقَالَ إِن هٰذَا إِلَّا سِحِرٌ يُّؤثَرُ ﴿٢٢﴾

## 🗚 আনুবাদসমূহ:

অতঃপর সে বলল, 'এ তো লোক পরম্পরায়প্রাপ্ত যাদু ছাড়া আর কিছুই নয়'। — আল-বায়ান তারপর বলল- 'এ তো যাদু ছাড়া আর কিছু নয়, এতো পূর্বে থেকেই চলে আসছে। — তাইসিরুল এবং ঘোষণা করল, এতো লোক পরম্পরায় প্রাপ্ত যাদু ভিন্ন আর কিছু নয়। — মুজিবুর রহমান And said, "This is not but magic imitated [from others]. — Sahih International

২৪. অতঃপর সে বলল, এ তো লোক পরম্পরায় প্রাপ্ত জাদু ভিন্ন আর কিছু নয়।(১)

(১) উদ্দেশ্য এই যে, এই হতভাগা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম-এর নবুওত অস্বীকার করার জন্য অনেক চিন্তা-ভাবনার পর প্রস্তাব করল, তাকে যাদুকর বলা হোক। এই ঘূণ্য প্রস্তাবের কারণেই আল্লাহ্ তা'আলা কুরআনে তার প্রতি বার বার অভিসম্পাত করেছেন। ইবন কাসীর]

তাফসীরে জাকারিয়া

- (২৪) এবং বলল, এটা তো লোক পরস্পরায় প্রাপ্ত যাদু ছাড়া আর কিছু নয়। [1]
  - [1] অর্থাৎ, কারো কাছ থেকে সে শিখে এসেছে এবং সেখান থেকেই সংগ্রহ করে এনে দাবী করছে যে, এটা আল্লাহর নাযিলকৃত।

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=5519

🙎 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন